



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২১.০০২.১৬-১৩২৮

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩০
৩০ আগস্ট ২০২৩

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

সূত্র : ১. স্থানীয় সরকার বিভাগের আদেশ নং ৪৬.০০.০০০০.০৬৩.২১.০০২.১৬-৫৭৩, তারিখ: ০৪ এপ্রিল ২০২৩;
২. জনাব পবিত্র ভূষণ পাল, সহকারী প্রকৌশলী, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভায় বদলীর আদেশাধীন এর আবেদন, তারিখ: ০১ আগস্ট ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর পৌরসভার সহকারী প্রকৌশলী (পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন) জনাব পবিত্র ভূষণ পাল এর আবেদনের পরিপ্রেক্ষিতে সূত্রস্থ ১ নং আদেশ মূলে তাঁকে একই জেলার ব্রাহ্মণবাড়িয়া পৌরসভায় বদলী করা হয়। কিন্তু, ৪(চার) মাস অতিবাহিত হওয়ার পরেও তাঁর যোগদানপত্র গৃহীত হয়নি মর্মে তিনি সূত্রস্থ ২ নং আবেদন দাখিল করেন। উল্লেখ্য, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৭৩(৫) নিম্নরূপ:


৭১(৫) উপ-ধারা (১) ও (২) এর অধীনে নিয়োগপ্রাপ্ত যে কোন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশাসনিক প্রয়োজনে নির্ধারিত কর্তৃপক্ষ তাহার এখতিয়ারাধীন এক পৌরসভা হইতে অন্য পৌরসভায় বদলী করিতে পারিবে।

২। এছাড়া, পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এর বিধি ১১ নিম্নরূপ:

১১(১) কর্মকর্তা বা কর্মচারীর বদলী, যোগদান ও অন্যান্য: (১) জনস্বার্থে তথা পৌরসভার প্রশাসনিক স্বার্থে সরকার পৌরসভার নিয়ামক কর্তৃপক্ষ হিসেবে পৌরসভার যে কোন কর্মকর্তা বা কর্মচারীকে এক পৌরসভা হইতে অন্য পৌরসভায় বদলীর আদেশ প্রদান করিতে পারিবে।

৩। ফলে প্রশাসনিক মন্ত্রণালয়ের বৈধ আদেশ প্রতিপালন না করে বদলীকৃত পৌরসভার কর্মচারীর যোগদানপত্র গ্রহণ না করা, প্রশাসনিক শিষ্টাচার পরিপন্থী এবং অসদাচরণের শামিল।

৪। এমতাবস্থায়, প্রশাসনিক মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগের বৈধ আদেশ প্রতিপালন না করার কারণে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য কেন জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হবে না, এই মর্মে আগামী ৭(সাত) কর্মদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মোঃ আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: lqpaura1@lgd.gov.bd

জনাব মোঃ আঃ কুদ্দুস
(সিনিয়র সহকারী সচিব, পরিচিতি নং ১৬০৯৭)
প্রধান নির্বাহী কর্মকর্তা
ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা, ব্রাহ্মণবাড়িয়া

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)